কুষ্টিয়ায় করোনায় নতুন আক্রান্ত ৩৯ জন, ২ জনের মৃত্যু

কুষ্টিয়ায় নতুন করোনা আক্রান্ত ৩৯ জন। মৃত্যু হয়েছে ২ জনের। কুষ্টিয়া পিসিআর ল্যাবে গেল ২৪ ঘণ্টায় পরীক্ষা হওয়া নমুনা অনুসারে এই তথ্য জানিয়েছে জেলা প্রশাসন।

জেলায় গেল ২৪ ঘণ্টায় সাম্প্রতিক সময়ের সর্বোচ্চ শনাক্ত হয়েছে। রোববার ১১৭ টি নমুনা পরীক্ষা করে ৩৯ জনের শরীরে কোভিড-১৯ পজেটিভ এসেছে।

গত ২ এপ্রিল সাম্প্রতিক সময়ের সর্বোচ্চ আক্রান্ত ছিলো ৩৫ জন। নতুন আক্রাতদের মধ্যে কুষ্টিয়া সদরে ৩৩ জন, ভেড়ামারায় ২ জন, মিরপুরে ১ জন ও খোকসায় ৩ জন। এছাড়া, কুমারখালি ও দৌলতপুরে গেল ২৪ ঘণ্টায় নতুন শনাক্ত হয়নি। কুষ্টিয়ায় বর্তমানে মোট আক্রান্ত আছেন ২৮৯ জন। এযাবৎ আক্রান্ত ৪ হাজার ৩শ ৪৬ জন।

কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ

কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের ইংরেজি বিভাগের শিক্ষক সানোয়ার হোসেনের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য অধ্যক্ষকে নির্দেশ দিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়।

গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শন দপ্তর থেকে এ সংক্রান্ত চিঠি পাঠানো হয়েছে কলেজ অধ্যক্ষকে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম এ তথ্য নিশ্চিত করেছেন।

চিঠিতে বলা হয়েছে, ইংরেজি বিভাগের শিক্ষক সানোয়ার হোসেন যে অনাকাঙ্ক্ষিত ও দুঃখজনক ঘটনা ঘটিয়েছেন, তা খতিয়ে দেখে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে জানাতে হবে।

গণমাধ্যমে প্রকাশিত খবরের বরাতে এতে বলা হয়, সংশ্লিষ্ট কলেজের শিক্ষক সানোয়ার হোসেন তার ছাত্রের মায়ের সঙ্গে অসৌজন্যমূলক ও অশালীন আচরণ করেন। একপর্যায়ে তার মা এবং বোনকে বঁটি দিয়ে কুপিয়ে আহত করেন।

এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। পাশাপাশি অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণেরও নির্দেশ দেওয়া হয়।

কুষ্টিয়ায় মহিলা বিষয়ক কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ

কুষ্টিয়ায় কিশোর-কিশোরী ক্লাবের টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে মহিলা বিষয়ক কর্মকর্তার বিরুদ্ধে।
দুর্নীতি আর অনিয়মের আশ্রয় নিয়ে লুটপাটে মেতেছেন মহিলা বিষয়ক কর্মকর্তা নূরে সফুরা ফেরদৌস। যতই দিন যাচ্ছে ততই অভিযোগের পাল্লা ভারি হচ্ছে এই কর্মকর্তার বিরুদ্ধে।
কিশোর-কিশোরী ক্লাবের সদস্য ও সংশ্লিষ্টদের জন্য বরাদ্দকৃত নাস্তার এক তৃতীয়াংশ টাকা আত্মসাৎ করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। আর একাজের সাথে সংশ্লিষ্ট রয়েছে মহিলা বিষয়ক অধিদপ্তরের কিশোর-কিশোরী ক্লাবের জেন্ডার প্রমোটর রাকিবুল হাসানসহ অন্যান্য ফিল্ড সুপার ভাইজজারে। অনিয়মের আশ্রয় নিয়ে লুটপাট চালিয়ে গেলেও দেখার কেউ নেই।
জানাগেছে, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে সদর উপজেলার ১২টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় প্রতিটি ইউনিয়নে একটি করে কিশোর-কিশোরী ক্লাবের প্রতিষ্ঠা করে তাদের মধ্যে বিভিন্ন বিষয়ে সচেতনতা সৃষ্টি করা হচ্ছে। এই সব কিশোর-কিশোরী ক্লাবের নাস্তা বাবদ সরকার অর্থ বরাদ্দ দিচ্ছেন।

বরাদ্দ অনুযায়ী, প্রতিটি ক্লাবে ৩০ জনের নাস্তা বাবদ জনপ্রতি ৩৫ টাকা বরাদ্দ দেয়া হলেও ১০ থেকে ১৫ টাকার নাস্তা সরবরাহ করা হচ্ছে। প্রতি মাসে উপজেলার এসব ক্লাবে ৮দিনে তিন হাজার ১২০ জনের মোট ১লাখ ৯ হাজার ২০০টাকা মাসিক বরাদ্দ দেয়া হয়। কিন্ত নামে মাত্র বরাদ্দের অংশ খরচ করে জেন্ডার প্রমোটর রাকিবুল হাসান ও মহিলা বিষয়ক কর্মকর্তা নূরে সফুরা ফেরদৌসের পকেটে যাচ্ছে। এতে করে সুবিধা বঞ্চিত হচ্ছে সুবিধা ভুগিরা।
গত শুক্র ও শনিবার কুষ্টিয়া সদর উপজেলার বেশ কয়েকটি ক্লাবে সরেজমিন এসব তথ্যের সত্যতা মিলেছে। ৩৫ টাকার স্থলে মাত্র ১২-১৫ টাকার নাস্তা সরবরাহ করা হচ্ছে। এবং ৩০ জনের স্থলে মাত্র ৫-১০ জন উপস্থিত শিক্ষার্থীদের মাঝে বরাদ্দ দিয়েই বাকী টাকা আত্মসাৎ করছে।
হাটশহরিপুর ইউনিয়নের দি ওল্ড হাইস্কুলের কেন্দ্রে গেলে দেখা যায়, সেখানে ৩০ জন উপস্থিত থাকার কথা থাকলেও আছে মাত্র ৮ জন। তাদের ডিম, লাড্ডু ও পাউরুটি নাস্তা দেওয়া হয়েছে। এই নাস্তার মুল্য ১৫ টাকার বেশি নয়, এছাড়াও ৮ জনকে নাস্তা দিলেও ৩০জনের বিল উত্তোলন করা হয়।
বটতৈল ইউনিয়নের সঙ্গীতশিল্পী মৌলি জানান, গত শুক্রবার ৩০ জনের স্থলে মাত্র একজন শিক্ষার্থী এসেছিল। তবে নাস্তায় কি দেওয়া হয়েছে সেটাও কিশোর-কিশোরী ক্লাবের জেন্ডার প্রমোটর রাকিবুল হাসান জানেন বলে জানান তিনি।
আইলচারা ইউনিয়নের আবৃত্তি শিক্ষক নওরীন নেহা জানান, ১০ জন শিক্ষার্থী উপস্থিতত হয়ে ছিলেন। নাস্তা কেবলমাত্র এই উপস্থিত ১০জনকেই দেওয়া হয়েছে। এছাড়াও সকলকে মাস্ক দেওয়া হয়েছে বলেও জানান তিনি।
পাটিকাবাড়ি ইউনিয়নের আবৃত্তি শিক্ষক ফারজানা পারভীন জানান, আমি মাতৃত্বকালীন ছুটিয়ে আছি অনেকদিন। তবে আমার স্থানে বিউটি নামের একজনকে সেখানে দায়িত্ব দেওয়া ছিলো। কিন্তু সে ঠিকভাবে দায়িত্ব পালন করে না বলেও অভিযোগ পাওয়া গেছে।
আলামপুর ইউনিয়নের আবৃত্তি শিক্ষক স্নিগ্ধা আফরিন জানান, ১০জনকে ডিম পাউরুটি ও লাড্ডু দিয়ে নাস্তা দেওয়া হয়েছে।
এখানকার এক শিক্ষার্থী জানান, আমাদেরকে ১০ থেকে ১৫ টাকার নাস্তা দেয়া হয়। করোনার সময় নাকি হ্যান্ড সেনিটাইজার এবং মাস্ক দেওয়ার কথা থাকলেও তা দেয়া হয়নি। তবে তিনি অভিযোগ করে বলেন, মাঝে মাঝে নাস্তা দেয়া হয়না।
এসব বিষয়ে দায়িত্বরত শিক্ষকরা জানান, প্রতিটি ক্লাসে ৩০ জন ছেলে এবং মেয়ে থাকার কথা থাকলেও নামে মাত্র কিছু কিছু কিশোর-

কিশোরীরা এখানে আসে। তবে প্রতিদিনের এই নাস্তার টাকা বেঁচে যাওয়ার ব্যাপারটি সম্পর্কে জেন্ডার প্রমোটর রাকিবুল হাসানই বিষয়টি জানেন।
তবে এসব বিষয় নিয়ে জেন্ডার প্রমোটর রাকিবুল হাসান কোন কথা বলতে রাজি হনন। তিনি জানান, বিষয়টি আমাদের জেলার ডিডি ম্যাডাম দেখছেন। কোন কোন ক্লাবে শিক্ষার্থী উপস্থিত না থাকলেও সেই বরাদ্দের টাকা নয়ছয় করে সরকারের এমন উন্নয়ন ভাবনা ম্লান করতে এই কর্মকর্তাকেই দুষছেন সংশ্লিষ্টরা।
এ বিষয়ে মহিলা বিষয়ক কর্মকর্তা নূরে সফুরা ফেরদৌস এর সাথে কথা হলে তিনি বলেন, ৩০ জনের জন্যই নাস্তা কিনতে হয়, কিন্তু অনেক সময় ২০-২৫ জন উপস্থিত হয়। যারা উপস্থিত হয়না তাদের নাস্তা অন্যরা খেয়ে নেয়।
তিনি আরও বলেন, নিয়ম অনুযায়ী নাস্তা দেয়া হচ্ছে। বিল নিতে গেলে হিসার রক্ষণ অফিসে টাকা ঘুষ দিতে হয় এছাড়াও অনেক খরচ তো আছেই। উল্লেখ্য, “শেখ হাসিনার উন্নয়ন, কৈশোরের জাগরণ” এই প্রতিপাদ্যের বিষয়ে সারাদেশে ২৪ নভেম্বর ২০১৯ ইং থেকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধিনে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম শুরু হয়। এই প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলায় দুজন করে ফিল্ড সুপারভাইজার, তিনজন করে জেন্ডার প্রমোটার, এবং প্রতিটি ইউনিয়ন ও একটি পৌরসভার জন্য সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক নিয়োজিত রয়েছে।

কুষ্টিয়ায় জমি সংক্রান্ত বিরোধের জের, ব্যবসায়ীকে কুপিয়ে হত্যা

কুষ্টিয়ার মিরপুরে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে সিদ্দিক আলী মন্ডল (৪৫) নামের এক সবজি ব্যবসায়ীকে হত্যা করেছে।

কয়েকজন প্রতিবেশীর বিরুদ্ধে এ হত্যার অভিযোগ ওঠে।

সোমবার সন্ধ্যায় মিরপুর উপজেলার চিথলিয়া ইউনিয়নের পাহাড়পুর-

লক্ষিপুর প্রি-ক্যাডেট স্কুলের সন্নিকটে এ ঘটনা ঘটে।

নিহত সিদ্দিক আলী মন্ডল ওই এলাকার মৃত ফেরত আলী মন্ডলের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বিকেলে বাড়ির জমি জমা সংক্রান্ত বিরোধে বাকবিতণ্ডা হয় প্রতিবেশী পাড়ারপুর লক্ষিপুর মাধ্যমিক বিদ্যালয় পাড়ার মৃত বিল্লাল হোসেনের ছেলে গফুর, সালাউদ্দিন, জলিল ও খলিলের সাথে। বাকবিতন্ডার এক পর্যায়ে তারা দেশীয় ধারালো অস্ত্র (রামদা) দিয়ে কুপিয়ে জখম করে সিদ্দিক আলী মন্ডলকে।

গুরুতর জখম অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

কুষ্টিয়ায় নকল কসমেটিকস কারখানা মালিককে ২ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় কসমেটিকস সামগ্রী উৎপাদন প্রতিষ্ঠানে নকল ও স্বাস্থ্যহানিকর পণ্য উৎপাদন এবং বাজারজাত করায় একটি প্রতিষ্ঠানকে দুই লাখ টাকা জরিমানা করা হয়েছে।
গতকাল রবিবার সন্ধ্যায় কুষ্টিয়া শহরের মিলপাড়া এলাকায় ঐতুবৃ কেমিক্যাল ওয়ার্কস নামক একটি নকল প্রসাধনী কারখানায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।
অভিযানের নেতৃত্ব দেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী পরিচালক মো. সবুজ হাসান।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, মিলপাড়া এলাকায় অবস্থিত ঐতুবৃ কেমিক্যাল ওয়ার্কস নামক প্রতিষ্ঠান নকল প্রসাধনী কারখানায় দীর্ঘদিন ধরে নকল পণ্য উৎপাদন ও বাজারজাত করে আসছে।

নকল কসমেটিকস কারখানায় অভিযান স্বাস্থ্যহানিকর এসব নকল পণ্য উৎপাদন ও বাজারজাত করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩ ও ৫৩ ধারায় ঐতুবৃৃ কেমিক্যালকে দুই লাখ টাকা জরিমানা আদায় করা হয়।

এ সময় বিপুল পরিমাণ কেমিক্যাল, নকল প্রসাধনী সামগ্রী ও বিভিন্ন সরঞ্জামাদি ধ্বংস করা হয়।
অভিযান পরিচালনাকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও জেলা স্যানিটারি ইন্সপেক্টর সার্বিক সহযোগিতা প্রদান করেন।

মিরপুরে ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহীর মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকের ধাক্কায় ইব্রাহিম (১২) নামে মোটরসাইকেল আরোহী এক কিশোরের মৃত্যু হয়েছে।
গতকাল রবিবার দুপুরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

ইব্রাহিম মিরপুর উপজেলার সদরপুর ইউনিয়নের গোয়াবাড়ীয়া এলাকার মাহাতাব উদ্দিনের ছেলে।
আমলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) হাফিজ জানান, শনিবার দুপুরে মোটর সাইকেলের পেছনে বসে কুষ্টিয়া-মেহরপুর সড়ক দিয়ে কাতলামারী এলাকায় যাচ্ছিল ইব্রাহিম।

পথে সদরপুর আমতলার কাছে একটি ট্রাকের সঙ্গে ধাক্কা লেগে মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে গুরুতর আহত হয় ইব্রাহিম। স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করে।
সেখানে তার শারিরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য রামেক হাসপাতালে নেওয়ার পথে রবিবার সকালে তার মৃত্যু হয়।

কুষ্টিয়ায় শিক্ষা কর্মকর্তা সহ চারজনের নামে থানায় অভিযোগ

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার শানপুকুড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরোনো ভবন বিক্রির ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

বিধি লঙ্ঘন করে বিদ্যালয়ের পুরোনো ভবন বিক্রি করে অভিযুক্তরা।

অভিযুক্তরা হচ্ছে কুমারখালি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা সেলিনা খাতুন, শানপুকুড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হারুন অর রশিদ, ইয়াছিন আলী বিশ্বাস ও বাচ্চু শেখ।

রোববার সকালে ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম বাদী হয়ে কুমারখালী থানায় ওই অভিযোগটি দায়ের করেন।

লিখিত অভিযোগে শহিদুল ইসলাম উল্লেখ করেন, বিদ্যালয়ে থাকা চারচালাবিশিষ্ট সেমিপাকা ঘর, যাতে ইটের পরিমাণ ৪ হাজার ৫০০, যার আনুমানিক মূল্য ৩৬ হাজার টাকা, ১১ বান টিন, যার মূল্য ৪০ হাজার টাকা, ৩০টি সিমেন্টের খুঁটি, যার মূল্য ১২ হাজার টাকা এবং ঘরের ব্যবহৃত কাঠের মূল্য ৩০ হাজার টাকা, কাঠ ও বাঁশের মূল্য ৩২ হাজার টাকাসহ সর্বমোট আনুমানিক মূল্য দেড় লাখ টাকা। বিদ্যালয়ের সহকারী শিক্ষক হারুন অর রশিদ প্রধান শিক্ষক, সভাপতি ও ম্যানেজিং কমিটিকে অবহিত না করে বাচ্চু শেখের কাছে গোপনে বিক্রি করেন।

বাচ্চু শেখ ৬ মার্চ রাতে বিদ্যালয়ের ভবনটি ভাঙচুর করে বাড়িতে নিয়ে যায়। তাঁরা বাচ্চু শেখের বাড়িতে গিয়ে ভবনের মালামাল দেখতে পান। এ সময় বাচ্চু শেখ তাঁদের বলেন, হারুন অর রশিদের কাছ থেকে এসব কেনা হয়েছে। সহকারী শিক্ষা কর্মকর্তা সেলিনা খাতুন অন্যান্য আসামির সহযোগিতায় ঘরটি বিক্রি করেছেন। বিক্রির টাকা হারুন বিকাশের মাধ্যমে সেলিনা খাতুনের কাছে পাঠান। আসামিরা পরস্পর যোগসাজশে সরকারি সম্পদ আত্মসাৎ করেছেন।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মজিবুর রহমান বলেন, এ ঘটনায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। ঘটনাটি দুদক মামলার সিডিউলভুক্ত হওয়ায় থানায় জিডি প্রস্তুত করে জেলা সমন্বিত দুর্নীতি দমন কমিশনারের উপপরিচালক

বরাবর ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

কুষ্টিয়ায় গৃহবধূকে কুপিয়ে হত্যা

কুষ্টিয়ার মিরপুরে রঙ্গিলা খাতুন (৩৫) নামের এক গৃহবধূকে কুপিয়ে হত্যা করা হয়েছে।

রবিবার (১৪ মার্চ) সকালে বাড়ীর পাশের মাঠে তামাক ক্ষেত থেকে পুলিশ তার লাশ উদ্ধার করে।

রঙ্গিলা খাতুন উপজেলার ফুলবাড়ীয়া ইউনিয়নের নওদাপাড়ার ক্যানালপাড়ার গ্রামের শফিকুল ইসলামের স্ত্রী।

পারিবারিক সূত্রে জানা যায়, শনিবার বিকেলে সে মাঠে ঘাস কাটতে বের হয়ে আর ফিরে আসেনি। সম্ভাব্য সকল স্থানে খোঁজখুজি করে তাকে পাওয়া যায়নি। সকালে স্থানীয় জনগণ ওই মাঠে একটি তামাক ক্ষেতে তার লাশ দেখতে পেয়ে খবর দেয়।

কুষ্টিয়ার সিনিয়র সহকারী পুলিশ সুপার (মিরপুর সার্কেল) আজমল হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে প্রেরণ করা হয়েছে।

কুষ্টিয়ায় পেঁয়াজের বাম্পার ফলন, দাম নিয়ে হতাশা

কুষ্টিয়ার কৃষক কৃষানিরা ক্ষেতের ফসল পেঁয়াজ তোলা নিয়ে ব্যস্ত সময় পার করছে। কাক ডাকা ভোর থেকে শুরু করে সন্ধ্যা পর্যন্ত চলছে

কৃষক কৃষানিদের পেঁয়াজ তোলা আর বাড়িতে নিয়ে আসা। কুষ্টিয়া জেলায় এবার পেঁয়াজের ফলনও বাম্পার হয়েছে। তবে দাম নিয়ে বিপাকে পড়েছে চাষিরা।

কুষ্টিয়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সুত্র জানায়, চলতি ২০২০-২০২১ অর্থ বছরে কুষ্টিয়া জেলায় ১২ হাজার ৪৪০ হেক্টর জমিতে পেঁয়াজ রোপনের লক্ষ্যমাত্রা ধরা হলেও সেখানে অর্জিত হয়েছে ১২ হাজার ৯১২ হেক্টর জমিতে। লক্ষ্যমাত্রার চেয়ে ৪৭২ হেক্টর জমিতে বেশী আবাদ হয়েছে। তবে এ তথ্য কৃষকেরা মানতে নারাজ।

কৃষকরা জানায়, কৃষি অফিসের তথ্য সঠিক না কারণ তারা মাঠে নেমে কোন জরিপ করেননি। পেঁয়াজের আবাদ হয়েছে আরও বেশী।

কুষ্টিয়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানায়, চলতি মৌসুমে কুষ্টিয়া সদর উপজেলায় ১ হাজার ৬০৫ হেক্টর জমিতে পেঁয়াজ লাগানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও সেখানে অর্জিত হয়েছে ১ হাজার ৬১০ হেক্টর । খোকসা উপজেলায় লক্ষ্যমাত্রা ছিল ২ হাজার ৭৫০ হেক্টর, সেখানে অর্জিত হয়েছে ২ হাজার ৯৭৪ হেক্টর। কুমারখালী উপজেলায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৫ হাজার ২০ হেক্টর, সেখানে অর্জিত হয়েছে ৫ হাজার ২৯০ হেক্টর। মিরপুর উপজেলায় লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ৪০০ হেক্টর সেখানে অর্জিত হয়েছে ৩২০ হেক্টর । ভেড়ামারা উপজেলায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল ২৪০ হেক্টর সেখানে অর্জিত হয়েছে ২২০ হেক্টর। দৌলতপুর উপজেলায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল ২ হাজার ৪২৫ হেক্টর সেখানে অর্জিত হয়েছে ২ হাজার ৪৯৮ হেক্টর জমিতে।

কুষ্টিয়া শহরতলী বাড়াদী গ্রামের পেঁয়াজ চাষি আব্দুল করিম বলেন, এবার পেঁয়াজের বাম্পার ফলন হয়েছে। তবে বাজার দর নিয়ে আমরা হতাশায় পড়েছি।

তিনি বলেন, এক বিঘা জমিতে পেঁয়াজ রোপন করে ঘরে তোলা পর্যন্ত ৩৫ থেকে ৪০ হাজার টাকা ব্যয় হয়। সেখানে পেঁয়াজ বিঘা প্রতি উৎপাদন হয় ৫০ থেকে ৬০ মণ। যেহারে খরচ হয়েছে সে তুলনায় বাজারের মূল্য খুবই কম। পেঁয়াজ ৫০ টাকা কেজি বিক্রি করতে পারলে তবে চাষিরা কিছুটা হলেও টাকার মুখ দেখতো।
একই এলাকার অপর এক চাষি সাবেক মেম্বর নওশের আলী বলেন, তিনি ৪ বিঘা জমিতে পেঁয়াজ আবাদ করেছে, তার এ পর্যন্ত করচ হয়েছে দেড় লাখ টাকা। এখনো আরো খরচ রয়েছে। তার ধারণা বিঘা প্রতি ৫০ মণ পেঁয়াজ পাবে না।

পেঁয়াজ চাষি মকসেদ আলী জানান, তিনি ইতোমধ্যে তার ক্ষেত থেকে পেঁয়াজ তুলে ৩৫ টাকা কেজি দরে বিক্রি করেছে। এতে করে তিনি লোকসান গুনছে।
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুষ্টিয়ার উপ-পরিচালক শ্যামল কুমার বিশ্বাস বলেন, কুষ্টিয়ায় এবার পেঁয়াজ আবাদ হয়েছে লক্ষ্যমাত্রার চেয়ে বেশী। ফলনও হয়েছে ভালো। চাষিরা এবার পেঁয়াজের ন্যায্য মূল্য পাবে।

সবার জন্য শিক্ষা নিশ্চিত করার তাগিদ দিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব

সবার জন্য শিক্ষা নিশ্চিত করার তাগিদ দিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব একেএম টিপু সুলতান।
গতকাল শুক্রবার সকালে মিরপুর উপজেলার আমলা-সদরপুর মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তনে আলহাজ্ব বেলায়েত হোসেন শিক্ষবৃত্তি প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন।
তিনি বলেন, কুষ্টিয়া জেলা সব দিক থেকে এগিয়ে থাকলেও শিক্ষায় পিছিয়ে আছি।

সারাদেশে শিক্ষার হার ৭০ ভাগের উপরে থাকলেও কুষ্টিয়া জেলায় এর হার ৫০ ভাগ। আর এই শিক্ষার হার কম থাকার কারনে আমরা এগুতে পারি না। তাই ঝরে পড়া রোধে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, এই এলাকার কৃতি সন্তান শিল্পপতি বশির আহমেদ সাহেব (আলহাজ্ব বেলায়েত হোসেন) যে শিক্ষা বৃত্তি প্রদান করছে এটি অবশ্যই সমাজে শিক্ষিত এবং মানবিকতার গুণাবলি তুলে ধরতে কাজ করছে।

বৃত্তি প্রাপ্তদের উদ্দেশ্যে তিনি বলেন, আজকে যারা বৃত্তি নিচ্ছো তারা নিশ্চয়ই আগামীতে দেশের হাল ধরবে। আজকে এখান থেকে বৃত্তি পাওয়া শিক্ষার্থীরা তোমাদের চিন্তা থাকবে কেবল পড়ালেখা আর পড়ালেখা। মানুষের মতো মানুষ হতে নিজেকে আবেগ তাড়িয়ে আগামীর

জন্য কাজ করতে হবে।
অভিভাবকদের উদ্দেশ্যে তিনি বলেন, পরিবারটাকে তৈরি করতে হবে নিজের মতো করে। আপনার সন্তানকে চোখে চোখে রাখবেন, কোথায় যায় কি করছে। কেননা এ সমাজ গড়তে শিক্ষক সমাজ, শিক্ষার্থী সমাজ ও অভিভাবক সমাজকে এগিয়ে আসতে হবে। এজন্য অভিভাবকদেরই দায়িত্ব নিতে হবে। আপনার সন্তানকে শিক্ষিত করে তোলেন আপনাকে আর দারিদ্র্য থাকতে হবে না বলেও জানান তিনি।

এসময় তিনি উপস্থিত শিক্ষকদেরকেও প্রশিক্ষলব্ধ জ্ঞানকে কাজে লাগানোর আহবান জানান।
ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি এর ব্যাবস্থাপনা পরিচালক, শিক্ষানুরাগী শিল্পপতি বশির আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল এর সাবেক প্রসিকিউটর ব্যারিস্টার সায়েদুল হক সুমন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি. এর চেয়ারম্যান নারগিস আহমেদ, বাংলাদেশ ব্যাংকের উপপরিচালক ও লেখক নাজমুল হুদা, জাতীয় ক্রীড়া সংগঠক আমিরুল ইসলাম, মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার মহাসচিব রবিউল ইসলাম, ইবির ডেপুটি রেজিস্টার আব্দুর রশিদ প্রমুখ।

ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি. এর পৃষ্ঠপোষকতায় ও ক্যারিয়ার কেয়ার ডট কম ও ‘আলোকিত আমলা’র সহযোগিতায় জেলার ৬টি উপজেলার এসএসসি ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত অস্বচ্ছ্ল পরিবারের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষায় সহায়তার জন্য ১০ লক্ষ টাকার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।